

দৌলতপুর সরকারি মতিলাল ডিগ্রি কলেজে অনার্স চালুর দাবি

প্রতিনিধি, দৌলতপুর (মানিকগঞ্জ)

: মঙ্গলবার, ২৯ জুলাই ২০২৫

মানিকগঞ্জের দৌলতপুর উপজেলায় দৌলতপুর সরকারি মতিলাল ডিগ্রি কলেজে শিক্ষক সংকট নিরসন করে অনার্স কোর্স চালুর দাবিতে মানববন্ধন করেছে শিক্ষার্থী, অভিভাবক ও সচেতন নাগরিক। গতকাল সোমবার দুপুর ১.৩০ মিনিটে কলেজের মেইন গেটে মানববন্ধন কর্মসূচি পালন করা হয়। মানববন্ধনে বক্তব্য রাখেন কলেজের ২য় বর্ষের ছাত্র শেখ কায়চার নাস্তি, ১ম বর্ষের ছাত্র মারুফ, দিশান মিয়া প্রমুখ। মানববন্ধনে দাবির প্রতি সংহতি ও সার্বিক সহযোগিতার প্রত্যয় ব্যক্ত করে বক্তব্য রাখেন-বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন মানিকগঞ্জ জেলা শাখার সাবেক সিনিয়র যুগ্ম আহবায়ক মো. রমজান মাহমুদ, জেলা যুবদলের আহবায়ক কমিটির সদস্য মো. সাইফুল ইসলাম। বক্তাগণ বলেন, ২০১৪ সুলের ১৯ শে মে পরিচালনা পর্ষদ সভায় হিসাববিজ্ঞান ও রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে অনার্স কোর্স খোলার সিদ্ধান্ত হয়। এর পরিপেক্ষিতে জাতীয় বিশ্ববিদ্যালয় ও সরকারি বিধি অনুযায়ী ২০১৫ সালে ২২ডিসেম্বর ওই বিষয়ে প্রভাষক নিয়োগের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা হয়। পরে নিয়োগ কমিটির সুপারিশ ও পরিচালনা পরিষদের অনুমোদনক্রমে ২০১৬ সালে ১লা সেপ্টেম্বর ১৪ জন প্রভাষক কে নিয়োগ দেয়া হয়। কলেজ কর্তৃপক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে অনার্স কোর্স চালু করার অধিভুক্তির সম্ভাব্যতা যাচাইয়ের জন্য একটি পরিদর্শক দল গঠন করে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রজ্ঞাপন জারি করে। ২০১৬ সালের ১০ই ডিসেম্বর এ প্রজ্ঞাপন জারি করা হলেও কলেজ কর্তৃপক্ষ পরিদর্শক দলকে আহ্বান করেননি।

এসময় উপস্থিত বক্তারা বলেন, দৌলতপুর উপজেলার ২ লক্ষ লোকের বসবাস। ৫টি ইউনিয়নের মানুষ দুর্গম চর অঞ্চলে বসবাস করে। আমরা এই অবহেলিত এলাকার জন্য দ্রুত সময়ের মধ্যে দৌলতপুর সরকারি মতিলাল ডিগ্রি কলেজে অনার্স কোর্স চালুর দাবি জানাচ্ছি।